

## প্রসঙ্গ: ব্রাউজারে মাউসের রাইট বাটন ক্লিক ডিজ্যাবল করা

কিছু কিছু আন-প্রফেশনাল ওয়েব সাইট রয়েছে, যারা তাদের ওয়েব সাইটে জাভাস্ক্রিপ্ট কোডের সহায়তায় মাউসের রাইট বাটন ক্লিক করা বন্ধ করে রাখেন। অতীত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, এই তালিকাটিতে বাংলাদেশী ওয়েব সাইটের সংখ্যাই বেশী। কি এমন আহামরি জিনিস আছে আপনার ওয়েব সাইটটিতে, যা ভিজিটরেরা খেয়ে ফেলবে?

সত্যি কথা বলতে কি, আমরা নিজেরাই অন্যের জিনিস চুরি করে আনি। এরপর তা দিয়ে একটি ওয়েব সাইট খুলে বসে, কনটেন্টগুলো প্রটেক্ট করার উদ্দেশ্যে মাউসের রাইট বাটন ক্লিক করা বন্ধ করে রাখি। কি এমন এইচ.টি.এম.এল সোর্স কোড আপনার, যা ভিউ করা যাবে না? কি এমন ইমেজ রয়েছে আপনার ওয়েব সাইটে, যা সেভ করা যাবে না? যদি সেগুলো এতটাই প্রটেক্টেড হয়ে থাকে, তাহলে ওয়েব সাইটে পাবলিশ করেছেন কেন? কৌটাতে ভরে ড্রয়ারে তালা বন্ধ করে রেখে দিলেই তো পারতেন। যাই হোক, অনেক কটু কথা বলে ফেললাম, আশা করি ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন।

আসলে বেশিরভাগ ওয়েব ডেভেলপাররাই কাজটা না বুঝে করে থাকেন। শুনুন, কেউ যদি মনস্থির করে যে, সে আপনার কনটেন্টগুলো কপি করবেই, তাহলে তাকে ঠেকিয়ে রাখার সাধ্য আপনার নেই। কখনও কি দেখেছেন মাইক্রোসফট, ইয়াহু, সান মাইক্রোসিস্টেমস ইত্যাদি বড় বড় ওয়েব সাইটগুলোকে এ ধরনের কাজ করতে? একজন ভিজিটর এতে কতখানি বিরক্ত হতে পারে, সেটা তাদের ভালো মতই জানা আছে (বুঝতেই পারছেন আমি নিজেও কতখানি বিরক্ত)।

এবার আসুন একটু ক্র্যাকিং করি। মনে করুন, একটি ওয়েব সাইটে ইমেজ কপি করতে দিচ্ছে না, তখন কি করবেন?

ইন্টারনেট এক্সপ্লোরারের ক্ষেত্রে:-

1. F11 চেপে ব্রাউজার ফুল স্ক্রিন করে নিন, তারপর কিবোর্ড থেকে **Print Screen SysRq** চেপে স্ক্রিন ক্যাপচার করুন। এবার মাইক্রোসফট পেইন্ট ওপেন করে ক্যাপচারড ইমেজটি পেস্ট করুন। এডিট করে অপ্রয়োজনীয় অংশ বাদ দিন, তারপর সেভ করুন।
2. যারা ইন্টারনেট এক্সপ্লোরার ৬ বা তদুর্ধ্ব ভার্সন ব্যবহার করছেন, তাদের জন্য কাজটা আরও সহজ। কাজিত ইমেজটির উপরে মাউস পয়েন্টার নিয়ে আসুন। লক্ষ্য করুন, ইমেজটির উপরের বাম কোণায় একটি পপ-আপ টুলবার দেখাচ্ছে। এবার টুলবারটি থেকে ফ্লপি ডিস্কের আইকন সম্বলিত অপশনটিতে ক্লিক করে ইমেজটি আপনার হার্ড ড্রাইভে সেভ করুন।
3. ইন্টারনেট এক্সপ্লোরার এর টুলস্ -> **ইন্টারনেট অপশনস্** -> **সিকিউরিটি** ট্যাবে যান। এবার উপরের লিস্ট থেকে ইন্টারনেট সিলেক্ট করে নিচে **কাস্টম লেভেল...** এ ক্লিক করুন। **সিকিউরিটি সেটিংস্** ডায়ালগ বক্সটি ওপেন হবে। স্ক্রল করে নিচে চলে আসুন, **স্ক্রিপ্টিং** অপশনে এসে **এ্যাকটিভ স্ক্রিপ্টিং** ডিজ্যাবল করে দিন, ওকে বাটনে ক্লিক করুন। একটি ওয়ার্নিং ম্যাসেজ আসবে, ইয়েস্ বাটনে ক্লিক করুন। ওয়েব পেজটি রিফ্রেশ করুন, এবার একটু রাইট ক্লিক করে দেখুন তো?

8. ইন্টারনেট এক্সপ্লোরার এর টুলস্ -> ইন্টারনেট অপশনস্ -> জেনারেল ট্যাবে যান। এবার সেটিংস্ এ ক্লিক করুন, তারপর ভিউ ফাইলস্ এ ক্লিক করুন। আপনার ব্রাউজারের ক্যাশে জমাকৃত সকল ইন্টারনেট ফাইল ডিসপ্লে করবে। ক্লিক করে নিচের দিকে এসে, নিচে যে সব ইমেজ ফাইল দেখতে পাবেন, সেগুলো কপি করে (আপনি চাইলে ক্যাশ থেকে সবগুলো ইমেজ ফাইল কপি করতে পারেন) অন্য কোন ফোল্ডারে গিয়ে পেস্ট করুন। এবার একটু কষ্ট করে খুঁজে দেখুন, আপনার কাজিত ইমেজগুলো এদের মধ্যেই আছে।

মজিলা অথবা নেটস্কেপ এর ক্ষেত্রে:-

1. এডিট মেনু থেকে প্রেফারেন্সেস্ -> এ্যাডভান্সড -> স্ক্রিপ্টস্ এ্যাড প্লাগ-ইনস্ এ চলে আসুন। এবার এ্যানাবল জাভাস্ক্রিপ্ট ফর নেভিগেটর টিক চিহ্নটি উঠিয়ে ওকে করে বেরিয়ে আসুন। ওয়েব পেজটি রিলোড করুন, এবার একটু রাইট ক্লিক করে দেখুন তো কি হয়?

ফায়ার ফক্সের ক্ষেত্রে:-

1. টুলস্ মেনু থেকে অপশনস্ -> ওয়েব ফিচারস্ এ গিয়ে এ্যানাবল জাভাস্ক্রিপ্ট টিক চিহ্নটি উঠিয়ে ওকে করে বেরিয়ে আসুন। ওয়েব পেজটি রিলোড করুন, এবার রাইট ক্লিক করে দেখুন।

অপেরার ক্ষেত্রে:-

1. অপেরা এসব পঁচা-মারকা কোডিংকে একদম পাত্তাই দেয় না (আসলে অপেরাতে জাভাস্ক্রিপ্ট দিয়ে রাইট ক্লিক ডিজ্যাবল করা বেশ কঠিন কাজ, যা আমি এখনও কোন ওয়েব সাইটকে করতে দেখিনি)। তাই আপনাকে কিছুই করতে হবে না। আপনি আরাম করে বসে যত খুশি আপনার মাউসের রাইট বাটন ক্লিক করে মাউসের বারোটা বাজান!!! তারপরও যদি কোন সমস্যায় পড়েন, তাহলে আমাকে জানান। সমাধান দেবার চেষ্টা করবো। ধন্যবাদ।

-- মোহাম্মদ আহসানুল হক শোভন

ইমেইল: [shuvorim@yahoo.com](mailto:shuvorim@yahoo.com)

ওয়েবসাইট: <http://www29.websamba.com/shovon>